

## নতুন চেহারায় গুগল প্লে

গুগলের তৈরি মুঠোফোনের জনপ্রিয় মুক্ত অপারেটিং সিস্টেম অ্যান্ড্রয়েডের সব ধরনের অ্যাপস থাকে গুগল প্লেতে (<https://play.google.com>)। অ্যান্ড্রয়েড-চালিত স্মার্টফোন ও ট্যাবলেটের জন্য গুগল প্লে'র নতুন সংস্করণ চালু হয়েছে।

প্লেস্টোরের নতুন এই ৪.০.২৫ সংস্করণটিতে বেশ কিছু নতুন পরিবর্তনও এসেছে। নতুন এ সংস্করণের চেহারায় এসেছে উল্লেখযোগ্য পরিবর্তন। পরিবর্তন এসেছে ব্যবহৃত ফন্টেও। তবে আরও দ্রুতগতির পাশাপাশি নতুন ডিজাইনের গুগল প্লে এসেছে। ব্যবহারকারীরা নতুন এ চেহারা দেখে বেশ খুশি হবেন বলেই ধারণা গুগলের। আরও দ্রুতগতিতে অ্যাপস খোজার পাশাপাশি প্লে স্টোরের অন্যান্য কাজগুলোও দ্রুত করা যাবে। অ্যাপস কিংবা কন্টেন্টে যে স্ক্রিন শট কিংবা ছবি রয়েছে, সেটি আরও বড় আকারে দেখার সুবিধাও যুক্ত হয়েছে। কন্টেন্ট কেনাকাটার কাজটিও এখন একই জায়গায় থেকেই করা যাবে। অর্থাৎ কন্টেন্ট দেখে সেখান থেকে না গিয়েই কেনা যাবে আরও সহজেই। বিভিন্ন অ্যাপসও আলাদা গ্রুপ অনুযায়ী সাজানোর পাশাপাশি ব্যবহারকারীদের সুবিধার্থে সহজ করা হয়েছে অন্যান্য সুবিধাগুলোও। তবে এখনো এ সুবিধা সব ব্যবহারকারীর জন্য উন্মুক্ত হয়নি। শিগগিরই ব্যবহারকারীরা নতুন এ সুবিধা পাবেন।



গুগল প্লে

২০০৮ সালে চালু হওয়া গুগলের এ অ্যাপস্টোরটি শুরু'র দিকে 'অ্যান্ড্রয়েড মার্কেট' নামে পরিচিত ছিল। বর্তমানে গুগল প্লে নামে পরিচিত এ স্টোরে প্রায় আট লাখেরও বেশি অ্যাপস রয়েছে। অ্যাপসের পাশাপাশি গুগল প্লে'র মাধ্যমে নানা ধরনের সুবিধা ব্যবহার করা যায়। গুগল প্লে'র নতুন এ পরিবর্তন ব্যবহারকারীদের আরও উন্নত সেবা দেবে এবং অ্যাপস ব্যবহার আরও বাড়বে মনে করছেন প্রযুক্তি বিশেষজ্ঞরা। — অ্যান্ড্রয়েড ব্লগ অবলম্বনে কাজী আলম